নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪০৯ ১৫ জানুয়ারি ২০২৬

সংবাদ বিজ্ঞপ্তি

# বিজ্ঞান, উদ্ভাবন ও সবুজ শিল্প উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে নোবিপ্রবি উপাচার্যের 'কি নোট' উপস্থাপন

বিজ্ঞান, উদ্ভাবন ও প্রযুক্তিনির্ভর সবুজ শিল্প উন্নয়নের লক্ষ্যে ঢাকায় অনুষ্ঠিত হয়েছে 2nd International Conference on Frontiers in Science, Innovation & Technology for Greener Industry (ICFSITGI 2026) সম্মেলন। আজ বৃহস্পতিবার ১৫ জানুয়ারি ২০২৬ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর উদ্যোগে আয়োজিত এ আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। রাজধানীর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ক্যাম্পাসে আয়োজিত সম্মেলনে দেশি-বিদেশি খ্যাতনামা শিক্ষাবিদ, গবেষক, বিজ্ঞানী ও নীতিনির্ধারকেরা অংশ নেন।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপদেষ্টা প্রফেসর ড. চৌধুরী রফিকুল আবরার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এস. এম. এ. ফয়েজ। অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ. বি. এম. বদরুজ্জামান।

সম্মেলনের একটি কারিগরি সেশনে Powering The future: A sustainable way to clean and affordable energy বিষয়ে কি নোট উপস্থাপন করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এতে তিনি কার্বন নিঃসরণ হ্রাস, নবায়নযোগ্য জ্বালানি সম্প্রসারণ, শক্তি দক্ষতা বৃদ্ধি এবং সবুজ শিল্প গড়ে তুলতে প্রযুক্তিনির্ভর সমাধানের ওপর গুরুত্ব দেন। আলোচনায় বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি, কার্বন ফুটপ্রিন্ট কমানো এবং টেকসই জ্বালানি ব্যবস্থায় রূপান্তরের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

গবেষণা উপস্থাপনায় সৌর ও বায়ু শক্তি, হাইড্রোজেন জ্বালানি, জৈব জ্বালানি, শক্তি সংরক্ষণ প্রযুক্তি এবং কার্বন ক্যাপচার ও স্টোরেজ (CCS/CCUS)– এর মতো আধুনিক প্রযুক্তির সম্ভাবনা ও চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করেন তিনি। পাশাপাশি সবুজ জ্বালানি খাতে নীতি সহায়তা, বিনিয়োগ বৃদ্ধি এবং আন্তর্জাতিক গবেষণা সহযোগিতা জোরদারের ওপর গুরুত্বারোপ করেন।

সম্মেলনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন বুয়েটের বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. এ. কে. নাকিব চৌধুরী। কো-চেয়ার হিসেবে ছিলেন গণিত বিভাগের অধ্যাপক প্রফেসর ড. মো. আব্দুল হাকিম খান। এছাড়া স্পন্সরিং বডির চেয়ারম্যান হিসেবে উপস্থিত ছিলেন এম. আবুল মজিদ রহমান ফাউন্ডেশন-এর চেয়ারম্যান ও পাবলিক ব্যাংক পিএলসি-এর প্রধান নির্বাহী কর্মকর্তা প্রফেসর ড. এম. আবুল মজিবুর রহমান। সম্মেলনের কো-অর্ডিনেটিং সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করেন বুয়েটের রসায়ন বিভাগের অধ্যাপক প্রফেসর ড. আবু বিন ইমরান।

উল্লেখ্য, "Let the People Breathe Green"এই প্রতিপাদ্যকে সামনে রেখে সম্মেলনে সবুজ শিল্পায়ন, টেকসই প্রযুক্তি, পরিবেশবান্ধব উদ্ভাবন এবং শিল্পখাতে বিজ্ঞানভিত্তিক সমাধান নিয়ে একাধিক কারিগরি সেশন, গবেষণা উপস্থাপন ও প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪